বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/ Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৬৮.১৫- ৬০২৮

তারিখঃ ২৬/৮/২০১৫ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ সমিতি/ইউনিয়ন পর্যায়ে ১৫ দিন ব্যাপি হস্তশিল্প (নঁকশি কাথা/পাটজাত সামগ্রী/বাশ, বেত ও হোগলা পাতার সামগ্রী/অন্যান্য হস্ত শিল্প) বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের সুফলভোগীদের জন্য সমিতি/ ইউনিয়ন পর্যায়ে ০১ (এক) টি ব্যাচে ১৫ (পনের) দিন ব্যাপি প্রশিক্ষণ কোর্স নিম্নোক্ত নির্দেশাবলী প্রতিপালনপূর্বক আয়োজন করতে হবেঃ

১) প্রতি ব্যাচে সুফলভোগী প্রশিক্ষণার্থী হবে ৩০ (ত্রিশ) জন;
২) সুফলভোগী প্রশিক্ষনার্থীদের বয়স ১৮ হতে ৩৫ বছরের মধ্যে হতে হবে;
৩) যেসকল সুফলভোগী প্রকল্পের আওতায় ইতোপূর্বে প্রশিক্ষণ পেয়েছেন তাদেরকে এ প্রশিক্ষণে অন্তর্ভূক্ত করা যাবে না;
৪) অপেক্ষাকৃত নিকটবর্তী ন্যূনতম ৩-৪ টি সমিতি হতে সুফলভোগীদের চাহিদা ও উপযোগীতার ভিত্তিতে প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে;
৫) নিকটবর্তি ৩-৪ টি সমিতির মধ্যবর্তী কোন সুবিধাজনক স্থান বা ইউনিয়ন পরিষদ মিলনায়তন প্রশিক্ষণের ভেন্যু হিসেবে নির্বাচন করতে হবে;
৬) প্রতি ব্যাচের ৩০ (ত্রিশ) জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রতি ব্যাচের জন্য বিভিন্ন সমিতি হতে ৪০ (চল্লিশ) জনের প্যানেল প্রস্তুত করতে হবে; প্রথম দিনে প্রশিক্ষণার্থী অনুপস্থিতির উপর ভিত্তি করে অতিরিক্ত ১০ (দশ) জন হতে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণার্থীকে অন্তর্ভূক্ত করতে হবে অর্থাৎ প্রতি ব্যাচে কোন অবস্থাতেই প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩০ (ত্রিশ) জনের কম হবে না;
৭) উপপরিচালক বিআরডিবি'র পরামর্শে জাতিগঠনমূলক বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে বা বিভিন্ন উন্নয়ন সংস্থায় সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষণ প্রদানে অভিজ্ঞ/জাতীয় পর্যায়ে পুরস্কার-স্বীকৃতি প্রাপ্ত প্রশিক্ষক নির্বাচন পূর্বক প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহন করতে হবে;
৮) প্রশিক্ষণ পরবর্তিতে সুফলভোগী সদস্য ও উদ্যোক্তা ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে হস্তসামগ্রী উৎপাদন ও বিপণন চেইন তৈরির স্বার্থে স্থানীয় পর্যায়ে হস্তশিল্প উদ্যোক্তা প্রতিষ্ঠান/ব্যাক্তি উদ্যোক্তকে প্রশিক্ষক হিসেবে অগ্রাধিকার প্রদান করতে হবে; প্রয়োজনে এ ধরণের উদ্যোক্তা ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে এ সংক্রান্ত চুক্তি করা যেতে পারে;
৯) প্রশিক্ষণ কার্যক্রম শুরুর কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও প্রকল্প সদর দপ্তরকে প্রশিক্ষণ সূচী ই-মেইল (iresppwad@gmail.com) এর মাধ্যমে প্রেরণ নিশ্চিত করতে হবে;
১০) উপজেলা নির্বাহী অফিসার অথবা সংসদ সদস্য, জেলা প্রশাসক, উপপরিচালক বিআরডিবি, জেলা পর্যায়ের সংশ্লিষ্ট অফিসার, উপজেলা চেয়ারম্যানের মাধ্যমে প্রশিক্ষণ কোর্স উদ্বোধন এবং উপপরিচালক বিআরডিবি অথবা সংসদ সদস্য, জেলা প্রশাসক, জেলা পর্যায়ের সংশ্লিষ্ট অফিসার, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে কোর্স সমাপনের বিষয় নিশ্চিত করতে হবে;
১১) সফলভাবে প্রশিক্ষণ সমাপনান্তে প্রশিক্ষণার্থীদের উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ স্বাক্ষরিত সনদপত্র প্রদান করতে হবে;
১২) প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণ প্রতিবেদন (ইতিপূর্বে প্রেরিত ছকে) প্রশিক্ষণার্থী উপস্থিতি হাজিরা সীট ও মাষ্টার রোলের ফটোকপি এবং প্রশিক্ষণ ক্লাসের স্থিরচিত্র (ব্যানারসহ) প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, সংযুক্ত বাজেট বিভাজন ও উপরোক্ত নির্দেশনা অনুসরণ পূর্বক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে কোন অস্পষ্টতা বা কোন বিষয়ে জানতে অত্র দপ্তরের উপ-প্রকল্প পরিচালক (ফোন- ৮১৮০১৪৩) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

২৬/০৮/১৫

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,
উপজেলাঃ-------------------
জেলাঃ-----------------------

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা ঃ------------------------।
২. উপজেলা চেয়ারম্যান, উপজেলাঃ ----------------------, জেলাঃ----------------------।
৩. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ ----------------------, জেলাঃ---------------------।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা(প্রকল্পের ওয়েবসাইডে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, উপজেলাঃ -----------------------, জেলাঃ---------------------।
৭. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

## ১৫ (পনের) দিন মেয়াদি প্রশিক্ষণের জন্য ট্রেড ভিত্তিক শ্রেণী বিন্যাসঃ

**শাখা- ক ঃ** নকশী কাঁথা তৈরি/জায়নামাজ/ ব্লক ও বাটিক/ উলেরকাজ /পাপোস /টুপি /স্ক্রীন প্রিন্ট/ কাপড়ের ফুল তৈরি / কাপড়ের পুতুল বা খেলনা / বিভিন্ন ধরনের কভার তৈরি/ ব্যাগ তৈরি/ ভরাট সেলাই/ কারচুপি/ টাইডাই / চুকিরকাজ / ক্র্যাপলিক।

**শাখা- খ ঃ** বাঁশজাত ও বেত শিল্প (শীতল পাটিতৈরি/ বাঁশ ও বেতের বিভিন্ন/ সামগ্রী তৈরি / হাত পাখা তৈরি / বাদ্য যন্ত্র তৈরি/ ঝাড়ু তৈরি / ছবি বাঁধাই)/ মৎস্য জাল তৈরি।

**শাখা- গ ঃ** পাটজাত হস্তশিল্প/ শোলার সাজ সজ্জা তৈরি/ শোলা ও ককসীটের শোপিস তৈরি/ দড়ি তৈরি/ পাটের পাপোস।

**শাখা- ঘ ঃ** মৃৎ শিল্প (মাটির বিভিন্ন ধরনের সোপিস/ মাটির অলংকার/ মাটির নিত্য ব্যবহৃত সামগ্রী তৈরী/ মাটির হাড়ি পাতিল)।

**শাখা- ঙ ঃ** কাগজের ঠোঙ্গা, বক্স, প্যাকেট তৈরি/ বই বাঁধাই/ বিভিন্ন ধরনের খেলনা তৈরি/ প্লাস্টিকের ফুল ও বিভিন্ন ধরনের শোপিস তৈরি/ পুতির বিভিন্ন ধরনের সামগ্রী তৈরি / কাগজের ব্যাগ/ কাগজের ফুল/ফুলদানি তৈরি / চিক্ষু বক্স /জুয়েলারি বক্স / চাবির রিং /ঝাড়বাতি।

**শাখা- চ ঃ** মধু উৎপাদন/ আচার/ জেলি/ ঘি/ মুড়ি/ দই/ মিষ্টি তৈরি/ চিড়া/ পিঠা/ শুটকী।

## ৫ (পাঁচ) দিন মেয়াদি প্রশিক্ষণের জন্য ট্রেড ভিত্তিক শ্রেণী বিন্যাসঃ

**শাখা- ক ঃ** ভ্যানিটি ব্যাগ/ ফুলদানি/ বিভিন্ন প্রকার ফল, ফল ও নিত্য ব্যবহৃত সামগ্রীর ও বিভিন্ন স্থাপনায় (যেমনঃ আঙ্গুরছড়া, ডাব, আনারস, জামরুল, কমলা, মরিচ বেগুন, ফুলকপি, মাছ, নৌকা, কলা) আদলে সোপিস তৈরি/ মোমের সোপিস / ক্রিস্টাল পাথরের সোপিস।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/ Fax-8189029

প্রকল্পভূক্ত সুফলভোগী সদস্যদের জন্য সমিতি/ইউনিয়ন পর্যায়ে হস্তশিল্প (নঁকশি কাঁথা/পুঁতি সামগ্রী/পাটজাত সামগ্রী/বাশ, বেত ও হোগলা পাতার সামগ্রী/অন্যান্য হস্তশিল্প) বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।

**১৫ (পনের) দিন ব্যাপী ৩০ (ত্রিশ) জনের প্রতি ব্যাচের ব্যয় বিভাজনঃ**

| ক্র নং | ব্যয়ের খাত | টাকা |
|---|---|---|
| ১ | প্রশিক্ষণার্থী সম্মানী (৩০*১৫০*১৫) | ৬৭৫০০/- |
| ২ | প্রশিক্ষণ সামগ্রী | ১০০০০/- |
| ৩ | প্রশিক্ষক সম্মানী (১৫০০*১৫) | ২২৫০০/- |
| ৪ | কোর্স উদ্বোধন (ইউএনও অথবা এমপি,ডিসি,উপজেলা চেয়ারম্যান, ডিডি বিআরডিবি) | ২০০০/- |
| ৫ | কোর্স সমাপনী (ডিডি বিআরডিবি অথবা এমপি,ডিসি,উপজেলা চেয়ারম্যান, ইউএনও) | ২০০০/- |
| ৬ | কোর্স পরিচালক সম্মানী (ইউআরডিও) | ২০০০/- |
| ৭ | কোর্স সমন্বয়ক সম্মানী (এআরডিও, ইরেসপো) | ১৫০০/- |
| ৮ | কোর্স সহায়ক (মাঠ সংগঠক) | ১০০০/- |
| ৯ | আপ্যায়ন ব্যয় (৩৫*৪০*১৫) | ২১০০০/- |
| ১০ | সনদ পত্র (২৫*৩০) | ৭৫০/- |
| ১১ | বিবিধ (ডিজিটাল ব্যানার, স্টেশনারী, হলরুম/জায়গা ভাড়া ইত্যাদি) | ৪৭৫০/- |
| | মোট = | ১৩৫০০০/- |
| | কথায়ঃ মাত্র একলক্ষ পয়ত্রিশ হাজার টাকা। | |

- সকল প্রশিক্ষণার্থীকে পৃথক পৃথক ভাবে প্রশিক্ষণ সামগ্রী সরবরাহ করতে হবে যেন তারা প্রত্যেকেই হাতে কলমে সফলভাবে প্রশিক্ষণ গ্রহন করতে পারে।
- সমিতি পর্যায়ে প্রশিক্ষণের স্থান/ ৩-৪ টি সমিতির মধ্যবর্তি প্রশিক্ষণ উপযোগী কোন জায়গা পাওয়া না গেলে ইউনিয়ন পরিষদের হল রুমে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। এ ক্ষেত্রে প্রয়োজনে বিবিধ খাতের বরাদ্দ হতে হলরুম ভাড়া এবং ইউপি চেয়ারম্যানকে আমন্ত্রিত অতিথি হিসেবে ৫০০-১০০০ টাকা হারে সম্মানী ভাতা প্রদান করা যাবে।